রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/৩০ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৮৭-আইন/২০২৬/৩৬৯-মুসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৭-আইন/২০২৬/৩৩২-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) টেবিল-৪ (সেবা পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৩৭ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৩৭.০০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত অনুচ্ছেদ (ণ) এর পর নিম্নরূপ অনুচ্ছেদ (ত) সংযোজিত হইবে, যথা:—

"(ত) Peripheral Vascular Stent (9018.90.30), Radio Frequency Ablation Fiber (9018.90.30), Oxygenators (9019.20.10), Pacemakers (9021.50.00) এবং Heart Valves & Devices (9021.90.10) সরবরাহ"; এবং

(খ) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 90.18 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“

| | | |
|---|---|---|
| 90.18 | 9018.90.30 | Peripheral Vascular Stent |
| | | Radio Frequency Ablation Fiber |
| 90.19 | 9019.20.10 | Oxygenators |
| 90.21 | 9021.50.00 | Pacemakers |
| | 9021.90.10 | Heart Valves & Devices |

”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd